



# বিএএফ শাহীন কলেজ চট্টগ্রাম

(বাংলা ও English Version)

পুরাতন বিমান বন্দর, পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৫

web: [www.bafsc.edu.bd](http://www.bafsc.edu.bd), email: [bafshaheencollegectg@yahoo.com](mailto:bafshaheencollegectg@yahoo.com)

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিএএফ শাহীন কলেজ চট্টগ্রামের নিম্নবর্ণিত পদে শিক্ষক-কর্মচারী নিয়োগের উদ্দেশ্যে যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা, বেতন ও গ্রেড
১। অস্থায়ী সহকারী শিক্ষক (রসায়ন) পদসংখ্যা: ০১ জন বাংলা ভাষান-মাধ্যমিক শাখা	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রী/সমমান ও বিএড ডিগ্রি/সমমান। অথবা, (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান। সমগ্র শিক্ষা জীবনে যেকোনো ১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর। সর্বসাকুল্যে বেতন: ১৬০০০/- গ্রেড: ১০ (প্রশিক্ষণপ্রাপ্ত), ১২৫০০/-, গ্রেড: ১১ (প্রশিক্ষণ বিহীন)
২। অস্থায়ী সহকারী শিক্ষক (ইসলাম ও নৈতিক শিক্ষা) পদসংখ্যা: ০১ জন বাংলা ভাষান-মাধ্যমিক শাখা	(১) ফাজিল ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান (২) ফাজিল/সমমান ডিগ্রি সমগ্র শিক্ষা জীবনে যেকোনো ১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর (ইসলাম ধর্মের অনুসারী) সর্বসাকুল্যে বেতন: ১৬০০০/- গ্রেড: ১০ (প্রশিক্ষণপ্রাপ্ত), ১২৫০০/-, গ্রেড: ১১ (প্রশিক্ষণ বিহীন)
৩। অস্থায়ী সহকারী শিক্ষক (সাধারণ) পদসংখ্যা: ০১ জন ইংরেজি ভাষান-স্কুল শাখা	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজিসহ স্নাতক ডিগ্রী/সমমান ও বিএড ডিগ্রি/সমমান। অথবা, (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান। সমগ্র শিক্ষা জীবনে যেকোনো ১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর। সর্বসাকুল্যে বেতন: ১৬০০০/- গ্রেড: ১০ (প্রশিক্ষণপ্রাপ্ত), ১২৫০০/-, গ্রেড: ১১ (প্রশিক্ষণ বিহীন), সম্মানী ২০০০/-
৪। মেডিক্যাল এ্যাসিস্টেন্ট (মহিলা) পদসংখ্যা: ০১ জন	(১) এসএসসি/সমমান। (২) নার্সিং ইন্সটিটিউট দ্বারা স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে ০৩ বছর মেয়াদি নার্সিং ডিপ্লোমা কোর্স সম্পন্ন / মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট কোর্স সম্পন্ন হতে হবে। বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর বেতন স্কেল: ১১৩০০-২৭৩০০/-, গ্রেড: ১২
৫। হিসাব সহকারী পদসংখ্যা: ০১ জন	কম্পিউটার চালনা অভিজ্ঞতাসহ এইচএসসি (ব্যবসায় শিক্ষা)/সমমান। সমগ্র শিক্ষা জীবনে যেকোনো ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/-, গ্রেড: ১৬
৬। মালী পদসংখ্যা: ০১ জন, কলেজ শাখা	জেএসসি/জেডিসি/সমমান। বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর বেতন স্কেল: ৮২৫০-২০০১০/-, গ্রেড: ২০
৭। অস্থায়ী অফিস সহায়ক পদসংখ্যা: ০১ জন, কলেজ শাখা	জেএসসি/জেডিসি/সমমান। বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর সর্বসাকুল্যে বেতন: ৮২৫০/-, গ্রেড: ২০

### শর্তাবলী:

- ক। বেতন স্কেল ও অন্যান্য সুবিধা: সরকারী বিধি মোতাবেক। অস্থায়ী পদ ব্যতীত অন্যান্য পদের পার্শে বর্ণিত বেতন স্কেল ছাড়াও প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, বৎসরে ২টি উৎসব ভাতা, নগর ভাতা, নববর্ষ ভাতা, চাকুরী স্থায়ীকরণ সাপেক্ষে ১০% কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটির সুবিধা।
- খ। প্রার্থীকে কলেজ পরিচালনা পরিষদের সভাপতির বরাবরে স্বহস্তে লিখিত আবেদনপত্র (খামের উপরে পদের নাম বিষয়সহ উল্লেখপূর্বক) জীবনবৃত্তান্ত, পাসপোর্ট আকারের ০২ কপি ছবি, মোবাইল নম্বর ও সকল প্রামাণ্য কাগজপত্রের সত্যায়িত কপি এবং অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে “বি এ এফ শাহীন কলেজ চট্টগ্রাম” এর অনুকূলে ত্রয়কৃত ১-৩নং পদের ৫০০.০০, ৪-৫নং পদের জন্য ৪০০.০০ টাকা, ৬-৭নং পদের জন্য ২০০.০০ টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডারসহ ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে রেজিস্টার্ড ডাক/কুরিয়ার সার্ভিস যোগে বা সরাসরি অত্র কলেজে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। দাখিলকৃত আবেদনপত্রসমূহ বাছাইয়ের পর শুধুমাত্র যোগ্যতাসম্পন্ন প্রার্থীদেরকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। সকল প্রার্থীদের লিখিত পরীক্ষা, ১-৩নং পদের প্রার্থীদের শ্রেণিতে পাঠদান এবং ৪-৬নং পদের প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা এবং সকল প্রার্থীদের সাক্ষাৎকার নেয়া হবে। লিখিত/পাঠদান/ব্যবহারিক/সাক্ষাৎকার এর তারিখ ও সময় যথাসময়ে জানানো হবে। বর্ণিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- গ। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং প্রার্থী নিয়োগপ্রাপ্ত হলে যোগদান করতে আপত্তি নেই এই মর্মে কর্তৃপক্ষের নিকট হতে না-আপত্তিনামা সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিল করার কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

অধ্যক্ষ

দৈনিক আজাদী (প্রকাশের তারিখ: ২০ ডিসেম্বর ২০২৪)